

দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 DEC 1993

পৃষ্ঠা... ৯ ... ক... ৯...

২৭

৭৭

## উত্তরাঞ্চলে ৯ লাখ ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

কালীগঞ্জ (লালমনিরহাট), ৭ ডিসেম্বর (সংবাদদাতা)।- পারিবারিক অসচ্ছলতা, অভিভাবকদের অনীহা ও বাড়তি আয়ের প্রবণতা এবং সর্বোপরি মাদ্রাসা আমলের শিক্ষা উদ্বুদ্ধকরণ কার্যক্রমের ফলে দেশের উত্তরাঞ্চলের ১৬টি জেলায় ৬ বছর থেকে ১০ বছর বয়সী বিদ্যালয় গমনযোগ্য প্রায় ৯ লাখ ছেলেমেয়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষালাভ থেকে বঞ্চিত হচ্ছে।

সরকারী সূত্র মতে, প্রাপ্ত এক খবরে জানা গেছে যে, উত্তরাঞ্চলের ১৬টি জেলার ১শ' ২৪টি থানা এলাকায় ৬ বছর থেকে ১০ বছর বয়সী প্রাথমিক বিদ্যালয়ে গমনযোগ্য ছেলে-মেয়ের সংখ্যা ৪২ লাখ ৩০ হাজার ৯শ' ৪ জন। কিন্তু এসব অঞ্চলে এ পর্যন্ত বিদ্যালয়গামী হয়েছে এমন ছেলে-মেয়ের সংখ্যা ৩৩ লাখ ৩৭ হাজার ৩শ' ৪৭ জন। বিভিন্ন সুযোগ-সুবিধা থাকার সত্ত্বেও কেবল উল্লিখিত কারণে ৮ লাখ ৯৩ হাজার ৫শ' ৫৭ জন ছেলে-মেয়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষালাভ থেকে বঞ্চিত হচ্ছে।

এদিকে প্রাথমিক শিক্ষা অধিদফতর সূত্রে প্রাপ্ত অপর এক খবরে জানা গেছে যে, উত্তরাঞ্চলের ১৬টি জেলার মধ্যে গাইবান্ধায় ৬ বছর থেকে ১০ বছর বয়সী বিদ্যালয়ে গমনযোগ্য ৩ লাখ ২৯ হাজার ১শ' ৬০ জন ছেলে মেয়ের মধ্যে বিদ্যালয়ে যায় না ৮৯ হাজার ৮শ' ৯২ জন, রাজশাহীতে ৬ লাখ ২ হাজার ৬শ' ৮৩ জনের মধ্যে বিদ্যালয়ে গমন করে না ৪৭ হাজার ২শ' ১৪ জন। নাটোরে ২ লাখ ১৫ হাজার ৯শ' ৩৪ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৪৩ হাজার ৭শ' ৪৩ জন।

চাঁপাইনবাবগঞ্জে ১ লাখ ৬৬ হাজার ৮শ' ৭৬ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ২৮ হাজার ৪শ' ৪০ জন, নওগাঁয় ৩ লাখ ১৬ হাজার ৯শ' ৯২ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৬৭ হাজার ৬শ' ২৯ জন, পাবনায় ৩ লাখ ৩১ হাজার ৭শ' ৪৫ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৫৮ হাজার ৭শ' ২৪ জন। সিরাজগঞ্জে ৪ লাখ ১৮ হাজার ৪শ'

২১ জনের মধ্যে বিদ্যালয় গমন করে না ৮৪ হাজার ৮শ' ৭৫ জন, বগুড়ায় ৩ লাখ ৯১ হাজার ১শ' ৬২ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৭৪ হাজার ২শ' ১ জন, জয়পুরহাটে ১ লাখ ৬ হাজার ৫শ' ৮৩ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ১৬ হাজার ৫শ' ৮৬ জন, রংপুরে ৩ লাখ ৫১ হাজার ১শ' ৮৪ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৯৯ হাজার ২শ' ৯৪ জন, কুড়িগ্রামে ২ লাখ ৫৯ হাজার ৫শ' ৫০ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৭০ হাজার ৯শ' ১০ জন। নীলফামারী ২ লাখ ৯ হাজার ৯শ' ৬৯ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৪৬ হাজার ৭শ' ৮৫ জন। লালমনিরহাটে ১ লাখ ৬৫ হাজার ৭শ' ৬০ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৪২ হাজার ২৩ জন। দিনাজপুরে ৩ লাখ ৭১ হাজার ৪শ' ৩১ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৬৫ হাজার ৭শ' ৯৩ জন, ঠাকুরগাঁও ৯ লাখ ৬৯ হাজার ২শ' ৭২ জনের মধ্যে বিদ্যালয়ে যায় না ৩০ হাজার ৯শ' ৭ জন এবং পঞ্চগড় জেলায় অনুরূপ বয়সী বিদ্যালয়ে যাবার মতো ছেলে-মেয়ে রয়েছে ১ লাখ ২৪ হাজার ১শ' ৭২ জন। কিন্তু তাদের মধ্যে বিদ্যালয়ে যায় না ২৬ হাজার ৫শ' ৩২ জন।